দৈনিক বাংলা

তারিখ ... 20 FEB 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮

৭/

5

# নির্বাচন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ১১ দিন বন্ধ থাকবে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

নির্বাচন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এগার দিনের ছুটি দেয়া হচ্ছে। গত সোমবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয় ক্লাসসমূহ ২১শে ফেব্রুয়ারী থেকে ৩ মার্চ পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়। তবে ছুটির কথা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনও আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেনি। আজ বা কাল এ ঘোষণা দেয়া হতে পারে বলে জানা গেছে।